



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/15/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল কোভিড-19 টিকাকরণ বৃদ্ধি করার জন্য নতুন প্রচেষ্টা এবং বুসটার শটের জন্য প্রস্তুত হওয়ার জন্য ঘোষণা করেছেন

*যারা তাদের টিকার প্রথম ডোজ একটি [#ভ্যাক্সটুস্কুল পপ-আপ অবস্থানে](#) নিয়েছেন তাদের জন্য গভর্নরস বল সঙ্গীত উৎসবের 125টি বিনামূল্যের টিকিট উপলব্ধ*

*জরুরীকালীন চিকিৎসাগত প্রযুক্তিবিদদের (Emergency Medical technician, EMT) কোভিড-19 টিকা প্রদান করার জন্য অনুমোদন করা হবে, যার ফলে রাজ্যের টিকাকরণ কর্মসূচীতে 2,000 এরও বেশি টিকাদানকারীকে আবার যোগ করা হবে*

*50,000 প্রাথমিক EMT-কে প্রশিক্ষণ পাওয়ার অনুমোদন দেয় নিউ ইয়র্কের টিকাকরণ হার বৃদ্ধি করতে সাহায্য করতে*

*রাজ্য স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিতে প্রচারণা চালিয়ে যাচ্ছে যারা টিকাকরণ সাইট সনাক্ত করতে সাহায্য করতে পারবেন এবং বুসটার শট কর্মসূচীতে অংশগ্রহণ করা উৎসাহিত করতে পারেন*

গভর্নর হোচুল কোভিড-19 (COVID-19) টিকাকরণ বৃদ্ধি করার জন্য নতুন প্রচেষ্টা এবং FDA-র অনুমোদনের পরে বুসটার শটের জন্য প্রস্তুত হওয়ার জন্য ঘোষণা করেছেন। স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের টিকা প্রদান অব্যাহত রাখতে, আসন্ন গভর্নরস বল মিউজিক ফেস্টিভ্যালের একশ পাঁচশটি বিনামূল্যের টিকিট সেই ব্যক্তিদের জন্য উপলব্ধ যারা তাদের প্রথম টিকার ডোজ একটি [#ভ্যাক্সটুস্কুল পপ-আপ অবস্থান](#) নেবেন এই নতুন প্রণোদনা প্রোগ্রামের মাধ্যমে।

কোভিড-19 টিকা প্রদান করার জন্য প্রাথমিক জরুরীকালীন চিকিৎসা প্রযুক্তিবিদদের অনুমোদনের জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তরকে (State Department of Health) নির্দেশ দিয়েছেন গভর্নর। এটি অবিলম্বে 2,000 এরও বেশি সম্পূর্ণ প্রশিক্ষিত টিকা প্রদানকারীকে রাজ্যের কর্মসূচীতে যোগ করে। কোভিড-19 টিকা এবং বুসটার ডোজ প্রদান করার জন্য আরো 50,000 প্রাথমিক EMT প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে।

"পাঁচজন প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কের মধ্যে চার জনেরও বেশি কোভিড-19 টিকার অন্তত একটি শট পেয়েছেন, এবং যদিও আমরা আমাদের উচ্চ টিকা দেওয়ার হারের সাথে অন্যান্য রাজ্যগুলিকে উল্লেখযোগ্যভাবে ছাড়িয়ে যাচ্ছি, এই সত্যটি রয়েই গেছে যে যারা এখনও টিকা নেননি তাদের উল্লেখযোগ্যভাবে বেশি সম্ভাবনা রয়েছে গুরুতর উপসর্গগুলি অনুভব করার এবং হাসপাতালে ভর্তি হওয়ার," **গভর্নর হোচুল বলেন।** "টিকাটি কাজ করে, কিন্তু শুধু যদি আমরা তা গ্রহণ করি, এবং সেজন্য আমরা এমন মানুষদের জন্য সৃজনশীল প্রণোদনা ব্যবহার করছি যাদের এখনও তাদের শট নেওয়া প্রয়োজন এবং ভাইরাসটিকে আবারও পরাজিত করতে প্রয়োজনীয় আক্রমণাত্মক ব্যবস্থা স্বস্থানে স্থাপন করা দরকার।"

EMT-দের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ অনলাইন বা ব্যক্তিগতভাবে সম্পূর্ণ করা যেতে পারে। লাইসেন্সপ্রাপ্ত EMT-রা অনলাইনে বা সশরীরে দক্ষতা প্রদর্শন করে একটি রাজ্য-অনুমোদিত টিকাদানকারী হয়ে উঠবেন।

স্বাস্থ্য বিভাগ (Department Of Health, DOH) স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির সাথে কাজ চালিয়ে যাচ্ছে যারা তাদের সম্প্রদায়কে সব চেয়ে ভালভাবে জানে। স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি ব্যাপক টিকা প্রচারণার পরিকল্পনা করেছে এবং স্থানীয় ক্ষমতার ব্যবধান দূর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, বিশেষ করে চাহিদা যখন তুঙ্গে থাকে সেই সময়। এখন পর্যন্ত, স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি কোভিড-19 টিকাকরণ প্রোগ্রামের জন্য সেগুলির 200-টিরও বেশি সক্রিয় করেছে। বুস্টার প্রোগ্রামে অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য DOH স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে তাদের কাউন্টিতে মেডিকাল প্র্যাকটিস, ক্লিনিক এবং অন্যান্য প্রদানকারীদের কাছে পৌঁছানোর জন্য নিযুক্ত করেছে।

**সম্প্রতি** **গভর্নর ক্যাথি হোচুল** স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে কোভিড-19 টিকা দেওয়ার হারকে সমর্থন করার জন্য বহুমুখী রাজ্যব্যাপী #ভ্যাক্সটুস্কুল ক্যাম্পেইন চালু করার কথা ঘোষণা করেছেন, যা শিক্ষার্থীদের, শিক্ষকদের এবং পরিবারগুলির স্বাস্থ্য ও কল্যাণকে অগ্রাধিকার দেওয়ার জন্য প্রশাসনের অঙ্গীকারকে আরো অগ্রসর করে। এই প্রচেষ্টার অংশ হিসেবে, **গভর্নর** ঘোষণা করেন যে নতুন #ভ্যাক্সটুস্কুল পপ-আপ কোভিড-19 টিকাকরণ সাইটগুলি এমন এলাকায় খোলা থাকবে যেখানে জিপ কোডের তথ্য দেখায় যে 12 থেকে 17 বছর বয়সীদের টিকা দেওয়ার হার রাজ্যব্যাপী গড়ের চেয়ে কম। স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের বাবা-মা এবং অভিভাবকদের কোনো প্রশ্নের উত্তর দিতে প্রতিটি সাইটে একজন সম্প্রদায়-ভিত্তিক চিকিৎসা পেশাদারকে পাওয়া যাবে। **গভর্নরস বল** রাজ্যের #ভ্যাক্সটুস্কুল প্রচেষ্টাকে সমর্থন করার জন্য টিকার প্রণোদনা হিসাবে র্যাল্ডালস আইল্যান্ডে তাদের আকাঙ্ক্ষিত সেপ্টেম্বর সংগীত উৎসবের 125টি বিনামূল্যের টিকিট দান করেছে। যে সকল ব্যক্তি তাদের প্রথম কোভিড-19 টিকার ডোজ একটি রাজ্য-পরিচালিত #ভ্যাক্সটুস্কুল পপ-আপ অবস্থানে নেবেন তাদের জন্য টিকিটগুলি উপলব্ধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)